অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সিনেটের স্বাস্থ্যসেবা প্রশাসনিক নিয়োগপ্রাপ্তদের নিশ্চিত করে ঘোষণা দিলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সিনেটের স্বাস্থ্যসেবা প্রশাসনিক নিয়োগপ্রাপ্তদের নিশ্চিত করা হয়েছে।

"আমি গভর্নর হওয়ার পর প্রথম দিন বলেছিলাম যে আমি স্টেটের প্রতিটি কোনায় আমাদের সম্প্রদায়সমূহকে উন্নত করতে নিউ ইয়র্কের সেবাদান করার জন্য সেরা ও সবথেকে মেধাবীদের খুঁজে আনবো," **গভর্নর হোকল বলেন।** "নিবেদিত এই সরকারি কর্মকর্তাগণ শুধু নিউ ইয়র্কবাসীর জন্য সর্বোচ্চ মানের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতেই সাহায্য করবে না, বরং আমাদেরকে ভবিষ্যতের স্বাস্থ্যসেবা ব্যবস্থা গঠনেও সাহায্য করবে।"

মার্সিয়া অ্যালকিন্সকে নিউ ইয়র্ক সিটি চিলড্রেন্স সেন্টারে (New York City Children's Center) দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. অ্যালকিন্সের কমিউনিটি হেলথে 35 বছরের অভিজ্ঞতা আছে। মিস. অ্যালকিন্স ওয়ার্ডস আইল্যান্ডের ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টারে (Manhattan Psychiatric Center) পুষ্টিবিদ হিসেবে নিজের ক্যারিয়ার শুরু করেন। মিস. অ্যালকিন্স 1992 সালে একজন মানসিক স্বাস্থ্য প্রশাসক হিসেবে ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টার ত্যাগ করেন। ওয়ার্ডস আইল্যান্ড ত্যাগের পর, মিস. অ্যালকিন্স NYC কারেকশন ডিপার্টমেন্টে (NYC Department of Correction) 12 বছর কাটান, 2002 সালে ডেপুটি নির্বাহী পরিচালক হন। এই পদে তিনি কর্মী এবং ওভারটাইম নিয়ন্ত্রণের দায়িত্বে ছিলেন। সর্বশেষ মিস. অ্যালকিন্স ব্রঙ্কস চিলড্রেন্স সাইকিয়াট্রিক সেন্টারের (Bronx Childrens Pyschiatric Center) ডেপুটি পরিচালক ছিলেন। মিস. অ্যালকিন্স লং আইল্যান্ডে বাস করেন।

জেন বারডেভিডকে ক্রিডমুর সাইকিয়াট্রিক সেন্টারের (Creedmoor Psychiatric Center) ভিজিটরস বোর্ডে দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. বারডেভিড একজন সামাজিক কর্মী যিনি 1980 সাল থেকে নিউ ইয়র্ক সিটিতে বেসরকারি অনুশীলন করছেন। মিস. বারডেভিড 32 বছর কুইন্সে অবস্থিত নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্স করা একটি বয়স্কদের মানসিক স্বাস্থ্য ক্লিনিক, CAPE-র নির্বাহী পরিচালক ছিলেন। মিস. বারডেভিড 1972 সালে কলাম্বিয়া ইউনিভার্সিটি থেকে সামাজিক কর্মে তার ডিগ্রি লাভ করেন।

জোসেফ কো'কে **অক্সফোর্ডের হোম ফর ভেটেরান্স অ্যান্ড দেয়ার ডিপেন্ডেন্টসের (Home for Veterans and their Dependents) ভিজিটর্স বোর্**ডে দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মি. কো একজন অবসরপ্রাপ্ত ভেটেরান যিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবাহিনীতে (United States Air Force) এবং নিউ ইয়র্ক স্টেট এয়ার ন্যাশনাল গার্ডে (New York State Air National Guard) দায়িত্ব পালন করেছেন। এর পাশাপাশি, মি. কো অল্প সময়ের জন্য নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টে (New York State Department of Enviromental Conservation, DEC) কাজ করেছেন, নিউ ইয়র্কের নরউইচের একজন পুলিশ কর্মকর্তা হওয়ার পূর্বে। তিনি 2006 সালে অবসর গ্রহণের পূর্বে 21 বছর দায়িত্ব পালন করেছেন। এর পর থেকে, মি. কো নরউইচ সিটি স্কুল জেলা, হ্যানকক এয়ার ফোর্স বেজ, এবং মার্কিন এয়ার ন্যাশনাল গার্ডে একজন পুরকৌশল বিশেষজ্ঞ হিসেবে কাজ করেছেন।

ডেনিস হজেসকে কিরবি ফরেনসিক সাইকিয়াট্রিক সেন্টারের (Kirby Forensic Psychiatric Center) ভিজিটর্স বোর্ডে দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. হজেস বর্তমানে একটি বেসরকারি অনুশীলন চালান এবং এর পূর্বে তিনি নিউ ইয়র্কের ফ্যামিলি সেন্টারে একজন কনসালটেন্ট ছিলেন, যেখানে তিনি মধ্যবয়সী ও কম বয়সের প্রাপ্তবয়স্কদের ব্যক্তিগত আউটপেশেন্ট থেরাপি প্রদান করতেন। কন্সালটিংয়ের পাশাপাশি, মিস. হজেস চিলড্রেন্স এইড সোসাইটি হোমমেকার সার্ভিসের (Childrens Aid Society Homemaker Service) পরিচালক। মিস. হজেসের যেসব স্থানে কাজ করার বিস্তৃত অভিজ্ঞতা রয়েছে: আরবান পাথওয়েজ (Urban Pathways), ওয়েস্ট সাইড ফেডারেশন ফর সিনিয়র হাউজিং (West Side Federation for Senior Housing), কেয়ার ফর দ্য হোমলেস (Care for the Homeless), এবং ব্রিজ ইনকরপোরেশন (Bridge Inc.)। মিস. হজেস ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি থেকে সামাজিক কর্মে তার ডিগ্রি লাভ করেছেন। মিস. হজেস ব্রুকলিনে বাস করেন।

লুইস ফ্রেডি মোলানো, MD-কে **মাইনরিটি হেলথ কাউন্সিলে (Minority Health Council)** দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। ডাঃ মোলানোকে 2020 সালের জুলাই মাসে প্রথম নিয়োগ দেওয়া হয়। ডাঃ মোলানো কমিউনিটি হেলথকেয়ার নেটওয়ার্কের (Community Healthcare Network) সংক্রামক ব্যাধি - LGBTQ কর্মসূচি ও পরিষেবার ভাইস প্রেসিডেন্ট। এই পদে, ডাঃ মোলানো তার উল্লেখযোগ্য অভিজ্ঞতা ব্যবহার করে ব্যাধি প্রশমন এবং ইতিবাচক স্বাস্থ্য ফলাফল আনতে কাজ করেন। ডাঃ মোলানো একজন পারিবারিক চিকিৎসক হিসেবে সেন্ট্রাল আমেরিকাতে তার ক্যারিয়ার শুরু করেন। ডাঃ মোলানো 1989 সালে কমিউনিটি হেলথকেয়ার নেটওয়ার্কে (Community Healthcare Network) যোগদান করেন যেখানে তার প্রথম মনোযোগ ছিলো HIV পরীক্ষা করা।

খাদিজা অসবোর্নকে সেন্ট্রাল নিউ ইয়র্ক সাইকিয়াট্রিক সেন্টারের (Central New York Psychiatric Center) ভিজিটর্স বোর্ডে দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. অসবোর্ন বর্তমানে SUNY আপস্টেট মেডিকেল সেন্টারে (SUNY Upstate Medical Center) নার্স হিসেবে কর্মরত আছেন এবং 2010 সাল থেকে তিনি এখানকার নার্স। একইসাথে, মিস. অসবোর্ন নার্স কোরে (Nurse Core) কাজ করেন।এর পূর্বে, মিস. অসবোর্ন কাজ করেছেন: আইরোকুইয়োস নার্সিং হোম (Iroquois Nursing Home), এবং সিরাকিউজ কমিউনিটি হেলথ সেন্টারে (Syracuse Community Health Center)। মিস. অসবোর্ন ক্লার্কস বার্ন সেন্টার (Clarks

Burn Center) এবং আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশনে (American Heart Association) স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেন। মিস. অসবোর্ন নিউ ইয়র্কের সিরাকিউজে বাস করেন।

রোমি রোসেইউকে কিরবি ফরেনসিক সাইকিয়াট্রিক সেন্টারে (Kirby Forensic Pyschiatric Center) দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. রোসেইউ নিউ হোপ ফার্টিলিটি সেন্টারের (New Hope Fertility Center) একজন নিবন্ধিত নার্স। এর পূর্বে, মিস. রোসেইউ কিরবি ফরেনসিক একজন নার্স হিসেবে 30 বছর কাটিয়েছেন। মিস. রোসেইউ লং আইল্যান্ডে বাস করেন।

নির্মলা শঙ্করনকে ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ অফিসের (Capital District Developmental Disabilities Services Offices) ভিজিটর্স বোর্ডে দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. শঙ্করন ইন্ডিপেন্ডেন্ট প্রফেশনাল রিভিউ অর্গানাইজেশনে (Professional Review Organization, IPRO) কাজ করছিলেন যেখানে তিনি নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (New York State Department of Health) পক্ষে ডেভেলপমেন্টাল সেন্টারগুলির জরিপ করতে সাহায্য করতেন। মিস. শঙ্করন অ্যালবানির বাসিন্দা।

লিন শুট্রামকে সেন্ট্রাল নিউ ইয়র্ক সাইকিয়াট্রিক সেন্টারে দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. শুট্রাম নিউ ইয়র্কের কোহসের যদি ভিলেজ গ্রিনের (Eddy Village Green) একজন নার্সিং সুপারভাইজার। এই পদে, মিস. শুট্রাম প্রায় 200 বয়স্ক নাগরিকের একটি ফ্যাসিলিটির তত্ত্বাবধান করেন। মিস. শুট্রাম যে যে স্থানে কাজ করার বিস্তৃত অভিজ্ঞতা নিয়ে নিজের বর্তমান পদে এসেছেন: ভিজিটিং নার্সেস হোম কেয়ার (Visiting Nurses Home Care), অপ্টাম বিহেভিয়ার হেলথ (Optum Behaviour Health), ভ্যালু অপশন্স (Value Option), NYS মানসিক সেবার মানসিক স্বাস্থ্য ব্যুরোর অফিস (NYS Office of Mental Health Bureau of Mental Services), বিংহ্যামটন সাইকিয়াট্রিক সেন্টার (Binghamton Pyschiatric Center), এবং NYS মানসিক স্বাস্থ্য ঝুঁকি ব্যবস্থাপনা অফিস (NYS Office of Mental Health Risk Management)।

ডেনিস সফেল, PhD-কে **পাবলিক হেলথ এবং হেলথ প্ল্যানিং কাউন্সিলে (Public Health and Health Planning Council)** দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. সফেলের সরকারি স্বাস্থ্য পরিকল্পনা ও পলিসির ক্ষেত্রে কাজ করার 30 বছরের বেশি অভিজ্ঞতা রয়েছে। মিস. সফেল NYC হেলথ এবং হসপিটালস কর্পোরেশনের (NYC Health and Hospitals Corporation) পরিকল্পনা অফিসে কাজ দিয়ে নিজের ক্যারিয়ার শুরু করেন। নিউ ইয়র্ক সিটির জন্য কাজ করার সময়, মিস. সফেল NYU-র ওয়াগনার পাবলিক সার্ভিস স্কুল (NYU's Wagner School of Public Service) থেকে তার PhD ডিগ্রি অর্জন করেন। মিস. সফেলের অভিজ্ঞতা তাকে নিউ ইয়র্কের কমিউনিটি সার্ভিস সোসাইটির (Community Service Society of New York) স্বাস্থ্যের সিনিয়র পলিসি বিশ্লেষক হতে সাহায্য করেছে। মিস. সফেল 2009-2010 পর্যন্ত NYS সিনেটের স্বাস্থ্য কমিটির নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার পুরো ক্যারিয়ারে, মিস. সফেল ভোক্তাদের স্বাস্থ্য অ্যাডভোকেসি অ্যাকটিভির একজন সক্রিয় অংশগ্রহণকারী ছিলেন।

জেরি ট্রটজকে রকল্যান্ড চিলড্রেন্স সাইকিয়াট্রিক সেন্টারে (Rockland Children's Psychiatric Center) দায়িত্ব পালন করার জন্য নিশ্চিত করা হয়েছে। মি. ট্রটজ রকল্যান্ড চিলড্রেন্স সাইকিয়াট্রিক সেন্টারের একজন সাবেক কর্মচারী যেখানে তিনি কর্মী বিকাশে কাজ করতেন যেখানে তার মনোযোগ ছিলো সকল কর্মী ও কর্মচারী যাতে তাদের কাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও যন্ত্র নিয়ে তৈরি থাকে তা নিশ্চিত করা। রকল্যান্ড চিলড্রেন্স সাইকিয়াট্রিক সেন্টারে তার কাজের পাশাপাশি, মি. ট্রটজ রবার্ট এল. ইগার হেলথ সেন্টারে (Robert L. Yeager Health Center), লোয়েব হাউজ (Loeb House), এবং রকল্যান্ড কাউন্টির মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশনে (Mental House Association of Rockland County) কাজ করেছেন। তার স্থানীয় সম্প্রদায়ে, মি. ট্রটজ নাথান ক্লাইন ইনস্টিটিউট IRB বোর্ড (Nathan Kline Institute IRB Board), সেইন্ট ডমিনির অ্যাডিভাইজরি বোর্ড (St. Domini's Advisory Board), এবং রকল্যান্ড কাউন্টির কমিউনিটি সার্ভিসেস বোর্ডে (Community Services Board) কাজ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418